

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থবছরে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার  
আওতায় উদ্ভাবনী উদ্যোগসমূহ:

ক্র. নং	উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম	উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণ	মন্তব্য
১	প্যাথেডিন/মরফিন প্রাপ্তি স্থানের তথ্য ওয়েবসাইটে প্রকাশ	দেশের বিভিন্ন জেলায় কোন কোন প্রতিষ্ঠান/ফার্মেসীর অনুকূলে প্যাথেডিন/ মরফিন বিক্রয়ের লাইসেন্স রয়েছে তা সংশ্লিষ্টদের জানা থাকে না। জরুরী ভিত্তিতে এ ওষুধের প্রয়োজন হলে ভোগান্তিতে পড়তে হয় এবং খরচ বেড়ে যায়। এ সমস্যা থেকে পরিত্রাণে অধিদপ্তর থেকে জেলা ভিত্তিক প্যাথেডিন/ মরফিন বিক্রয়ের লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠান/ফার্মেসীর নাম, ঠিকানা ও যোগাযোগের নম্বর ওয়েবসাইটে প্রকাশ করা যেতে পারে। ফলে জরুরী প্রয়োজনে নায্যমূল্যে লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠান/ফার্মেসীর নিকট হতে তা সংগ্রহ করতে পারবে।	
২	অনলাইন সার্টিফিকেট কোর্স অন নারকোটিক্স	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সার্বিক কার্যক্রমের উপর এক/একাধিক ভিডিওচিত্র নির্মাণ করা হবে। ভিডিও শেষে নৈব্যক্তিক প্রশ্নোত্তরের মাধ্যমে বিজয়ীকে অনলাইনে সার্টিফিকেট প্রদান করা হবে। উল্লেখ্য এ বিষয়ে 'মুক্তপাঠে' বাংলাদেশ সরকারের বিভিন্ন অধিদপ্তরের ২৭টি প্রোগ্রাম চালু রয়েছে।	
৩	মাদকবিরোধী অনলাইন কুইজ প্রতিযোগিতা	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অন্যতম কাজ হচ্ছে মাদকবিরোধী সচেতনতা সৃষ্টি করা। এ ধরনের সচেতনতা সৃষ্টিতে অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যালয় সমূহের মাধ্যমে কুইজ প্রতিযোগিতা আয়োজন করা যেতে পারে।	

০৬/০২/২০২০

মোহাম্মদ জিললুর রহমান  
সহকারী পরিচালক (প্রশাসন)